=০৭=

ঢাকা ওয়াসা

১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনা
২। দরের স্বাপেক্ষে কোটেশন সংগ্রহের লক্ষ্যে প্রেরিত পত্রের কপি।
৩। দরের স্বাপেক্ষে সংগৃহীত কোটেশন।
৪। পূর্বানুমোদিত দরের কপি।
৫। বিভাগীয় প্রাক্কলন

বিষয়: Supply of workshop equipment, tools for plant operation and maintenance শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং- ০১ হতে ০৫ দয়া করে যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিটের সমন্বয়ে পানি পরিশোধণ কাজ সার্বক্ষনিক সচল আছে। শোধনাগারে WTP, IPS & BPS ইউনিটে বিদ্যমান মেশিনারীজগুলো সচল রাখার জন্য বিভিন্ন ধরনের প্রিভেনটিভ ও কারেকটিভ মেইনটেন্যান্স কাজ করতে হয়। উক্ত কাজগুলো করার সময় প্রায়ই বিভিন্ন ধরনের মালামাল পরিবর্তন করতে হয়। উক্ত মালামাল না থাকার কারনে প্রিভেনটিভ ও কারেকটিভ মেইনটেন্যান্স কাজ ব্যহত হচ্ছে। তাই শোধনাগার সুষ্টুভাবে সচল রাখার জন্য বিভিন্ন ধরনের মেকানিক্যাল স্পেয়ার মালামাল সংগ্রহ করা প্রয়োজন। প্রয়োজনীয় মালামাল মজুদ থাকলে শোধনাগারের নিজস্ব জনবল দিয়ে স্বল্পতম সময়ের মধ্যে মেরামত কাজ করা সম্ভব হবে। বর্ণিত কাজসমূহ সম্পাদনের নিমিত্তে অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনায় "Supply of workshop equipment, tools for plant operation and maintenance" শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে (ক্রমিক নং-০১ দ্রষ্টব্য)।

২। শোধনাগার সুষ্টুভাবে সচল রাখার জন্য বিভন্ন ধরনের মেকানিক্যাল মালামাল সংগ্রহ করার লক্ষ্যে পূর্বানুমোদিত দর ও বাজার দরের আলোকে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (ক্রমিক নং- ৩, ৪ ও ৫ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমান সর্বমোট ৳৯,৯৭,৫৪৮.০০/=(টাকা নয় লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত আটচল্লিশ মাত্র) টাকা। উক্ত ব্যয় অত্র বিভাগের ২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (O&M) খাত হতে (অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-273; প্যাকেজ নং-APP/25-26/G/186) নির্বাহ করে পিপিআর-২০২৫ এর বিধি-৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে।

৩। এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগারের উৎপাদন সুষ্টুভাবে সচল রাখার জন্য বিভন্ন ধরনের মেকানিক্যাল মালামাল সংগ্রহ লক্ষ্যে "Supply of workshop equipment, tools for plant operation and maintenance" কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০২৫ এর বিধি-৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।

খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳৯,৯৭,৫৪৮.০০/=(টাকা নয় লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত আটচল্লিশ মাত্র) । টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (O&M) খাত হতে (অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-273; প্যাকেজ নং-APP/25-26/G/186) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

20.05.26
Amit Bishwas
Sub-Assistant Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA

SDE
20/05/26
মাহমুদ রিয়াদ
উপ-বিভাগীয় প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা

20.05.2026
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা

SE, WS PC
XEN (PWTP)

০৪। অনুমোদিত।

20/05/2026
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা